

## জুবায়ের হত্যা

# জাবির ১৩ শিক্ষার্থীকে বহিষ্কার

■ জাবি সংবাদদাতা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের শিক্ষার্থী জুবায়ের আহমেদ হত্যার ঘটনায় ১৩ শিক্ষার্থীকে বহিষ্কার ও তাদের ছাত্রত্ব বাতিল করা হয়েছে। এর মধ্যে ৭ জনকে আজীবন এবং ৬ জনকে দুই বছরের জন্য বহিষ্কার করা হয়েছে। সোমবার সকালে বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে সিন্ডিকেটের বিশেষ সভায় ডিসিপ্রিনারি বোর্ডের সুপারিশ অনুযায়ী এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

পতকাল বিকাল সাড়ে তিনটায় বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে সাংবাদিকদের সিন্ডিকেট সভার এ সিদ্ধান্ত জানান রেজিস্ট্রার আবু বকর সিদ্দিক। এ সময় বিশ্ববিদ্যালয়ের প্রচীর অধ্যাপক তপন কুমার সূত্রা উপস্থিত ছিলেন। আজীবন বহিষ্কৃতরা হলেন বন্দকার আশিকুল ইসলাম (প্রাণিবিদ্যা-৩৭তম ব্যাচ), রাশেদুল ইসলাম রাভু (দর্শন-৩৭), খান মোহাম্মদ রইম সোহান (প্রাণিবিদ্যা-৩৭), মো. জাহিদ হাসান (প্রাণিবিদ্যা-৩৭), ইশতিয়াক বেহবুব অরুণ (দর্শন-৩৭), মাহবুব আকরান (মরকর ও রাজনীতি-৩৭), মো. নাজমুল মাকিব তপু (প্রাণ রসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান-৩৭)। ২ বছরের জন্য বহিষ্কৃতরা হলেন মাজহারুল ইসলাম (ইতিহাস-৩৭), কামরুজ্জামান সোহাগ (দর্শন-৩৭), নাজমুল হোসেন প্রাচীন (লোকপ্রশাসন-৩৭), শফিউল আমম সেতু (পরিসংখ্যান-৩৭), অভিনবম কুকু (পরিসংখ্যান-৩৭), মাহমুদুল হাসান মাসুম (ইতিহাস-৩৭)।

আন্দোলনকারীদের জন্য দাবিগুলো সভায় যেন নেয়ার আধাস দেয়া হয়। সভায় আরও যেসব সিদ্ধান্ত হয় সেগুলো হলো, নিহত জুবায়ের আহমেদের পরিবারকে ক্ষতিপূরণ ব্যবদ ২ লাখ টাকা ও যোগ্যতানুযায়ী পরিবারের একজন সদস্যকে বিশ্ববিদ্যালয়ে চাকরি প্রদান, বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা কেন্দ্রের আধুনিকায়ন, নতুন অ্যাম্বুলেন্স ক্রয় বা সংগ্রহ, বিশ্ববিদ্যালয়ের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করা এবং সার্বস্বপিক নিরাপত্তা দলের সদস্য বৃদ্ধি। এছাড়া শিক্ষক সন্থিতির সভাপতি অধ্যাপক এ এ মামুনকে লক্ষিত করার ঘটনায় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক নাসির উদ্দিনকে প্রধান করে এক সমন্বয় তন্ত্র কমিটি গঠন করা হয়েছে।

এদিকে আন্দোলনরত শিক্ষক-শিক্ষার্থীরা সিন্ডিকেটের সিদ্ধান্তে ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করেন। শিক্ষার্থীরা প্রায় ৩ ঘণ্টা ধরে প্রশাসনিক ভবনের সামনে অবস্থান করেন এবং সিদ্ধান্তের প্রতিবাদে শ্লোগান দেন।